



ISO 9001 : 2015



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)
স্থাপিত-১৯৮৪

বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/ সাব এজেন্ট/ দালাল বা প্রতিনিধি নেই

নং. ৪৯.০২.০০০০.০০০.০৪.০০৪.২৩ /৬৫৮(৬)

তারিখ: ১৩.০৫.২০২৪ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে জাপানের কোম্পানিতে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা টেকনিক্যাল ইন্টার্ন নিয়োগ করা হবে:

Sl.	Company Name	Position	Age	Number	Gender
1.	SAISERIA Co. Ltd	Sewing Machine Operator	18-35	3	Female
2.	D.D. KINGDOM Co. Ltd	Sewing Machine Operator	18-35	3	Female
3.	SUNAMIHIFUKU Co.Ltd	Sewing Machine Operator	18-35	3	Female

চাকুরির শর্তাবলি:

- প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে দক্ষ ও অভিজ্ঞ হতে হবে;
- প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে;
- প্রার্থীর বয়স ১৮-৩৫ বছর হতে হবে;
- নির্বাচিত কর্মীকে ১৮০ ঘণ্টা ব্যাপী জাপানিজ ভাষা প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে;
- দৈনিক ৮ ঘণ্টা কাজ করতে হবে এবং জাপানের শ্রমআইন অনুযায়ী ওভারটাইম সুবিধা রয়েছে;
- বাৎসরিক কর্মদিবস ২৭৭ দিন এবং বাৎসরিক ছুটি ৮৮ দিন;
- প্রতিমাসে বেতন সর্বসাকুল্যে ১,৬৪,০০০ জাপানিজ ইয়েন (বাংলাদেশি মুদ্রায় ১,১৫,০০০/- টাকা প্রায়);
- কর্মীর থাকা, যাতায়াত এবং ইউটিলিটি বিল বাবদ প্রতিমাসে ২৫,০০০/- জাপানিজ ইয়েন (বাংলাদেশি মুদ্রায় ১৭,০০০/- টাকা) কর্মীকে বহন করতে হবে;
- খাবারের খরচ কর্মীকে বহন করতে হবে;
- প্রার্থীর প্রাথমিক চাকুরীর মেয়াদ ০১ বছর এবং প্রথম বছর অতিক্রমের পরে জাপানিজ ভাষা পরীক্ষা Technical Intern-Examination উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরি মেয়াদ আরও ০২ বছর বৃদ্ধি হবে;
- জাপানে অবস্থানকালে কর্মীকে নিজ ব্যবস্থাপনায় ও প্রয়োজ্য ক্ষেত্রে নিজ খরচে জাপানিজ ভাষা শিখন এবং Technical Intern Examination পরীক্ষার প্রস্তুতি গ্রহণ করতে হবে;
- কর্মীকে জাপানের শ্রমআইন অনুযায়ী হেলথ ইনস্যুরেন্স, ওয়েলফেয়ার পেনশন, এমপ্লয়মেন্ট ইনস্যুরেন্স সুবিধা প্রদান করা হবে
- পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ০২ বৎসর থাকতে হবে;
- কর্মরত অবস্থায় কর্মীর দুর্ঘটনাজনিত ক্ষতিপূরণ জাপানের শ্রমআইন অনুযায়ী প্রদান করা হবে;
- চাকুরিতে যোগদান এবং কর্ম চুক্তি শেষে ফেরত আসার বিমান ভাড়া কোম্পানি প্রদান করবে;
- প্রার্থীর কমপক্ষে ০২ ডোজ কোভিড ভ্যাকসিন গ্রহণ করা হয়েছে মর্মে সনদ থাকতে হবে;
- জর্ডানে তৈরি পোশাক শিল্পে ইতোপূর্বে কর্মরত প্রার্থীদের বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে;

বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য তথ্য:

- আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর প্রদত্ত লিংকে আগামী ২০.০৫.২০২৪ খ্রি তারিখের মধ্যে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনকারীদের মধ্য থেকে শুধুমাত্র দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের বাছাই করা হবে এবং কোম্পানির মাধ্যমে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।
- টেকনিক্যাল ইন্টার্ন হিসেবে জাপানে গমনকারী কর্মীদের সিলেকশন পূর্ববর্তী প্রশিক্ষণ ও সিলেকশন পরবর্তী ব্যবস্থাপনা ব্যয়, বহির্গমন ছাড়পত্র, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার ফি, স্মার্ট কার্ড ও অগ্রিম কর বাবদ ৫৬,৩৫০/- (ছোপ্তাম হাজার তিনশ পঞ্চাশ) টাকা বোয়েসেল বরাবর পে অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে।
- আবেদনেরলিংক: <https://brms.boesl.gov.bd/>
- নির্বাচিত প্রার্থীকে নিজেই বাংলাদেশ-এ অবস্থিত জাপান দূতাবাসে আবেদনের মাধ্যমে ভিসা সংগ্রহ করতে হবে এবং ভিসা আবেদন সম্পর্কিত তথ্য বোয়েসেল থেকে প্রদান করা হবে।
- অনলাইনে আবেদন কোন প্রার্থীর চাকুরি নিশ্চিত করে না এবং বোয়েসেল কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যেকোন সিদ্ধান্ত গ্রহণ করবে।

বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন নগদ অর্থ প্রদান করবেন না

২০/০৫/২৪

বোয়েসেল কর্তৃপক্ষ

অফিস ঠিকার কুমার সিনি
প্রবাসী কল্যাণ ভবন (বাবুসংল)
৭১-৭২ ইন্টারন্যাশনাল
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।



যোগাযোগ নম্বর : এম. এম. শফিক কামাল

ফোন : +৮৮-০২-৯৩৩৬৮৮, ৯৮৩১৯১২৫ ও ৮৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd